

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৬০৪

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৮. ইলম সংরক্ষণ করা

بَابُ صِيَانَةِ الْعِلْمِ

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بِشْرٍ حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ الْوَلِيدِ عَنْ عُمَرَ بْنِ أَيُّوبَ عَنْ أَبِي إِيَاسٍ قَالَ كُنْتُ نَازِلًا عَلَى عَمْرِو بْنِ النُّعْمَانِ فَأْتَاهُ رَسُولُ مُصْعَب بْنِ الزُّبِيْرِ حِينَ حَضَرَهُ رَمَضَانُ بِأَلْفَيْ دِرْهَمٍ فَقَالَ إِنَّ الْأُمِيرَ يُقْرِئُكَ السَّلَامَ وَقَالَ إِنَّا لَمْ نَدَعْ قَالَ إِنَّ الْأُمِيرَ يُقْرِئُكَ السَّلَامَ وَقَالَ إِنَّا لَمْ نَدَعْ قَالَ إِنَّ الْأُمِيرَ يُقْرِئُكَ السَّلَامَ وَقَالَ إِنَّا لَمْ نَدَعْ قَالَ إِنَّا شَرِيفًا إِلَّا وَقَدْ وَصَلَ إِلَيْهِ مِنَّا مَعْرُوفٌ فَاسْتَعِنْ بِهَذَيْنِ عَلَى نَفَقَةِ شَهْرِكَ هَذَا فَقَالَ أَقْرِئُ الْأُمِيرَ السَّلَامَ وَقُلْ لَهُ إِنَّا وَاللَّهِ مَا قَرَأُنَا الْقُرْآنَ نُرِيدُ بِهِ الدُّنْيَا وَدِرْهَمَهَا

محمد بن حميد ضعيف

বাংলা

৬০৪. আবু ইয়াস বলেন: আমি আমর ইবনু নু'মানের নিকট আগমন করলাম, তখন তার নিকট মুস'আব ইবনু যুবাইরের বার্তাবাহক রমাযান মাসের প্রাক্কালে দু'হাজার দিরহাম নিয়ে হাজির হলো। এরপর সে বলল: আমীর আপনাকে সালাম জানিয়েছেন এবং বলেছেন: আমরা কোনো সম্মানিতকারীকে ডেকে পাঠাইনি, তবে আমাদের পক্ষ থেকে তার নিকট কল্যাণ (দান) পোঁছেছে। ফলে এ দু'হাজার দিরহাম দিয়ে রমাযানে উপকৃত হোন। তখন তিনি বলেন: আমীরকে আমার সালাম জানিয়ে বলো, আল্লাহর কসম! আমরা দুনিয়া ও এর দিরহাম (অর্থকড়ি)-এর উদ্দেশ্যে কুরআন পাঠ করি না।"[1]

ফুটনোট

[1] তাহক্বীক্ক: এ সনদে মুহাম্মদ ইবনু হামীদ রয়েছে। সে যয়ীফ। অন্যান্য রাবীগণ বিশ্বস্ত।

তাখরীজ: ইবনু আবী শাইবা ১০/৪৮১ নং ১০০৫৪ জাইয়্যেদ সনদে।



হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ মু'আবিয়াহ্ ইবনু কুররাহ্ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন